দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 12 ■ 21st March, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

কেরিয়ার ফেয়ার ২০২৬

২৪ ও ২৫ মার্চ, ২০২৬ (মঙ্গলবার ও বুধবার)

স্থানঃ শ্রী শ্যাম সংঘ, মেদিনীপুর স্টেশন রোড (কেরানীতলা), পশ্চিম মেদিনীপুর

বিনামূল্যে সুযোগ পেতে ফোন করুন : 6291684943

## মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে

# কয়েক হাজার ক্লার্ক ও লাইব্রেরিয়ান

**মাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন ১০ মার্চ এক বিজ্ঞপ্তিতে (বিজ্ঞপ্তি নং : W B M S C / Recruitment Notice / 07/2026, Dated-10.03.2026) মাদ্রাসায় ক্লার্ক, লাইব্রেরিয়ান ও প্রধান শিক্ষক-শিক্ষিকা / সুপারিন্টেন্ডেন্ট পদে নিয়োগের কথা জানায়। ক্লার্ক ও লাইব্রেরিয়ান পদে নিয়োগ হবে 2nd SLST (NT), 2026'এর মাধ্যমে আর প্রধান শিক্ষক-শিক্ষিকা / সুপারিন্টেন্ডেন্ট পদে নিয়োগ হবে 8th SLST, 2026'এর মাধ্যমে।

কোন ক্যাটেগরিতে কারা আবেদন করতে পারেন :

**ক্লার্ক :** মাধ্যমিক, মাদ্রাসা পাশ বা, আলিম পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার-সহ টাইপিং দক্ষতা থাকতে হবে। অন্তত এক বছরের কম্পিউটারের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। মাদ্রাসা এডুকেশন সিস্টেম, ইসলামিক স্টাডিজ অ্যান্ড কালচার বিষয়ে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে ☞ এরপর ৭ পাতায়

WBCS 2024 Mains & Optional
এবং
WBCS 2025 Prelims
Success Rate 91%
ভর্তি চলছে
সর্বনিম্ন শিক্ষা-ফি তে
Great Basket Career
Classroom & Office : 51 APC Road Beside Jagat Cinema Hall, Sealdah, Kolkata- 700009
89023 56967/ 9830200210

# রেলে ১১,১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট নিচ্ছে

**আই.টি.আই ও ডিপ্লোমা পাশদের জন্য**

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা, রাঁচী, চেন্নাই, আহমেদাবাদ, প্রয়াগরাজ, বেঙ্গালউরু, ভুবনেশ্বর, বিলাসপুর, মুম্বই, মজঃফরপুর, সেকেন্দরাবাদ, আজমীর, জম্মু-কাশ্মীর, চন্ডীগড়, ভোপাল, গোরক্ষপুর ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ২৯টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে 'অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট' পদে ১১,১২৭ জন ছেলেমেয়ে নেওয়ার সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বের করেছে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ১৫ মে থেকে। চলবে ১৪ জুন পর্যন্ত। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য দেওয়া হল :

মাধ্যমিক পাশরা স্বীকৃত আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, ☞ এরপর ১০ পাতায়

## কলকাতার ১২৩টি আইটি কোম্পানিতে

# ৩৫,২০৮ AI বেসড ওয়েব ডিজাইনার ও গ্রাফিক্স ডিজাইনার

**পল্লবী দেওয়ান, সল্টলেক :** কলকাতার ১২৩টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১৫,০১১ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ২০,১৯৭ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও ☞ এরপর ৪ পাতায়

# নেভিতে অগ্নিবীর ও মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট

### অগ্নিবীর (এস.এস.আর)

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ভারতীয় নৌবাহিনী 'অগ্নিবীর (সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস-এস.এস.আর.)' পদে কয়েকশো অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। 'অগ্নিপথ' স্কিমে এই পদের নাম হল 'অগ্নিবীর (এস.এস.আর.)'। ☞ এরপর ১২ পাতায়

### অগ্নিবীর (এম.আর)

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ভারতীয় নৌবাহিনী 'অগ্নিবীর (ম্যাট্রিক রিক্রুটস)' ক্যাটেগরিতে 'নাবিক (01/2027, 02/2027)' পদে কয়েকশো অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। মোট অন্তত ☞ এরপর ৫ পাতায়

### নাবিক (মেডিক্যাল)

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ভারতীয় নৌবাহিনী 'মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস-এস.এস.আর.)' পদে কয়েকশো অবিবাহিত ছেলে নিচ্ছে। এই পদের ব্যাচ ☞ এরপর ১২ পাতায়

# কোল ফিল্ডে ১,৬০০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, বিলাসপুর :** সাউথ ইস্টার্ন কোল ফিল্ড লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', বি.বি.এ., বি.সি.এ., বি.কম. ও বি.এসসি অ্যাপ্রেন্টিস হিসাবে ১,৬০০ জন ছেলেমেয়ে নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস :** নেওয়া হবে এইসব ট্রেডে : মাইনিং ইঞ্জিনিয়ারিং/মাইনিং ও মাইন সার্ভেয়িং, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন। ☞ এরপর ৭ পাতায়

# ইন্ডিয়ান অয়েলে ৪০৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের ওয়েস্টার্ন রিজিয়ন মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর)' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর - স্কিল সার্টিফিকেট হোল্ডার)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৪০৫ জন লোক নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স ☞ এরপর ২ পাতায়

# সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৬৬,৩১২ চাকরি

## মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

**প্রমা দাস, কলকাতা :** সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'Deloitte' এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে, এবছরের ৯ মাসে (জানুয়ারি - সেপ্টেম্বর, ২০২৬) দেশের প্রায় ৫,৩০২টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৬৬,৩১২ জন 'ডিজিটালি স্কিলড কর্মী'র নিয়োগ হবে — যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ। এই ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে 'আমি জানি' বললে কেউ বিশ্বাস করে না — ☞ এরপর ১০ পাতায়

## পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে

# ইঞ্জিনিয়ারিং, নার্সিং, ডিপ্লোমা, এম.সি.এ, প্যারামেডিক্যাল কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ডের মাধ্যমে ২০২৬-'২৭ শিক্ষাবর্ষে যে যে কোর্সে ভরতির জন্য দরখাস্ত নেওয়া হবে তার তালিকা WBJEE ঘোষণা করেছে। এবছর ভরতি নেওয়া হবে এইসব কোর্সে : (১) ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচারের ডিগ্রি (WBJEE), (২) নার্সিং ও প্যারামেডিক্যালের বি.এসসি. কোর্স (JENPAS-UG), ☞ এরপর ৬ পাতায়

## মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে

# ১৩ কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাজ্য সরকারের নগর উন্নয়ন ও পৌর বিষয়ক দফতর ১৩টি ডেভেলপমেন্ট অথরিটিতে 'কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট' পদে ১৩ জন লোক নিচ্ছে। উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। ☞ এরপর ৫ পাতায়

## উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

# পশ্চিম মেদিনীপুরে ২৪ ও ২৫ মার্চ ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

**নিজস্ব প্রতিনিধি, পশ্চিম মেদিনীপুর :** এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয়- কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর ☞ এরপর ৭ পাতায়

Techno Speciality Media Pvt.Ltd.
সন্তোষপুর (যাদবপুর), কলকাতা- ৭০০০৭৫
Admission Open for Session 2026
অ্যানিমেশন ✱ VFX
সিনেমার সাথে যুক্ত হয়ে হাতে-কলমে কাজ শিখে প্রতিষ্ঠিত হোন



Placement Guaranteed
যোগ্যতা : ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ ও স্নাতক
Bachelor in Animation & VFX
8274994192, 9046567905, 9038820925
www.teksm.com

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmall.com

স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

স্কুল-কলেজ-শিক্ষা

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে BA, MA, BSc, MSc, LLB, BEd, MEd, MBA, Dip., B.Tech, M.Tech, Ph.D, MP, HS – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007
S

**গ্র্যাজুয়েট ? ফার্মা ইন্ডাস্ট্রিতে গড়ুন একটি সফল ক্যারিয়ার**
মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ হওয়ার জন্য পান প্রফেশনাল ট্রেনিং ও প্লেসমেন্ট সাপোর্ট। দেশের শীর্ষ ফার্মা কোম্পানিতে কাজের সুযোগের জন্য নিজেকে প্রস্তুত করুন। ১২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন Endeavour ইতিমধ্যেই হাজারো গ্র্যাজুয়েটকে দিয়েছে সফল ক্যারিয়ার। আপনার নিকটতম Endeavour সেন্টার জানতে Call বা WhatsApp করুন : 8444922221
S

কর্মখালি

**আর্জেন্ট জয়েনিং**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-- 72,900/-. H.R.- 9609626247
SA

**ড্রাইভার চাই**
ট্রেনিং নিয়ে বড় কোম্পানিতে কাজ করুন সারাজীবন। যে কোনো বয়স ও যোগ্যতায় কয়েক হাজার ছেলেমেয়ে চাই। M : 6290336178
R

কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 8282090308
SP

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

কর্মখালি

**URGENT VACANCY**
কলকাতা মেট্রোরেলে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS, স্নাতক উর্ধ্বে, বেতন: 18,500/--65,500/-, যোগাযোগ M : 8001770206
SA(A)

**ব্যাঙ্কে চাকরি**
PNB ব্যাঙ্কে DSA-তে পশ্চিমবঙ্গে 23টি জেলাভিত্তিক M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক, বেতন:18600/--52800/- এছাড়াও PF, ESI, Ex-Army দের বিশেষ সুবিধা আছে। M : 7432906871
SA

কর্মখালি

**জেলাভিত্তিক স্থায়ী নিয়োগ**
AXIS BANK–DSA দিচ্ছে যোগ্যতানুযায়ী বিভিন্ন Back Office পদে M/F স্থায়ী জব। যোগ্যতা : HS–স্নাতক ও উর্ধ্বে। বেতন : 18700–47900। বয়স : 18–40. M : 9144228728
SA(A)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

# ইন্ডিয়ান অয়েলে ৪০৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -সিভিল :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন-ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন-ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ :

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিস) :** উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১৫ মাসের ট্রেনিং।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -স্কিল সার্টিফিকেট হোল্ডার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ১৫ মাসের ট্রেনিং।

**কোন রাজ্যে ক'টি শূন্যপদ : টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব রাজ্যে — মহারাষ্ট্র** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ৪০টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১১)। ট্রেড অ্যাপ্রেন্টিস - ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ১২০টি (জেনাঃ ৪৮, ই.ডব্লু.এস. ১২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৩২)। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ৯টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**গুজরাত** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৫)। ট্রেড অ্যাপ্রেন্টিস - ১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ৩৫টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯)। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ৪টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**মধ্য প্রদেশ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৩)। ট্রেড অ্যাপ্রেন্টিস - ১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ৩৫টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ৫)। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ৪টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**গোয়া** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২)। ট্রেড অ্যাপ্রেন্টিস - ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ২টি (তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**ছত্তিশগড়** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ১০টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১)। ট্রেড অ্যাপ্রেন্টিস - ৫টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ৪টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**দাদরা নগর অ্যান্ড হাভেলি** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১)। ট্রেড অ্যাপ্রেন্টিস - ৫টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ২)। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ২টি (ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১)।

**দমন অ্যান্ড দিউ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। ট্রেড অ্যাপ্রেন্টিস - ৫টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১)। ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ২টি (তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**গুজরাটে** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ৬১টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ১৬)।

**মধ্যপ্রদেশ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) — ৪০টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৬)।

**ছত্তিশগড়** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ২২টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ১)।

**গোয়া** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) — ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)।

**দাদরা নগর অ্যান্ড হাভেলি** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট), ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর), ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ট্রেডে — মহারাষ্ট্রে**-১০০টি (জেনাঃ ৩৯, ই.ডব্লু.এস. ১০, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ২৮)। **গুজরাট** -৫০টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ১৫)। **মধ্যপ্রদেশ** -৩৫টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ৫)। **ছত্তিশগড়** -১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২ তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১)। গোয়া ৩টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১)। দাদরা নগর অ্যান্ড হাভেলি ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (রিটেল সেলস অ্যাসোসিয়েট), ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েটস (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ট্রেডে — মহারাষ্ট্রে** - ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। **গুজরাট** -১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। **মধ্যপ্রদেশ** - ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। **ছত্তিশগড়** -৩টি (জেনাঃ ১ তঃউঃজাঃ ২)। গোয়া -২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ২৮-২-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, পটনা, ভুবনেশ্বর, রাঁচী ও গুয়াহাটিতে। ৯০ মিনিটের লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ট্রেড অ্যাপ্রেন্টিস অ্যাকাউন্ট্যান্ট পদের বেলায় থাকবে এইসব বিষয় : (ক) টেকনিক্যাল সংক্রান্ত প্রশ্ন - ৩০ নম্বর, (খ) রিজনিং এবিলিটি -৩০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বর। অন্যান্য পদের বেলায় থাকবে এইসব বিষয়ে : (ক) টেকনিক্যাল সংক্রান্ত প্রশ্ন - ৩০ নম্বর, (খ) জেনারিক অ্যাপ্টিটিউট - ২০ নম্বর, (গ) রিজনিং এবিলিটি -২০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২০ নম্বর। লিখিত পরীক্ষায় ৪০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : IOCL/MKTG/WR/APPR/3/2025-26, Date: 11.03.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটে : www.iocl.com দরখাস্ত করার আগে এইসব প্রমাণ পত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

### রাজ্যের ১০২টি কোম্পানিতে

# ২৯,২৩১ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৬০টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৪২টি কোম্পানি মিলিয়ে মোট ১১২টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ২৯,২৩১ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৩.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্রাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৭ মাসে চাকরি হয়েছে প্রায় ১,৫১২ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই নিয়োগ তথা, **Talent** এই বিভাগের এন্ট্রি লেভেল **Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল পর্যায়ের ট্রেনিং আর ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। (১৪) মার্চ মাসের মধ্যে ভর্তি হলে কোর্স ফি-তে স্পেশাল ছাড় পাবেন। কারণ, ১ এপ্রিল থেকে কোর্স ফি বেশ কিছুটা বেড়ে যাবে। বিশেষত যারা গ্র্যাজুয়েশন পাশ করেছেন ও বয়স ৩০ বছরের মধ্যে আর এখন থেকেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেতে চান আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

## RKM শিল্পমন্দির কমিউনিটি ট্রেনিং সেন্টার, বেলুড় মঠে প্রযুক্তিগত প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি :** RKMS কমিউনিটি ট্রেনিং সেন্টারে ১৮ থেকে ৩০ বছর বয়সী পুরুষ প্রার্থীদের ভর্তি চলছে। প্রতিটি ট্রেডে হাতেকলমে প্র্যাক্টিক্যাল প্রশিক্ষণ দেওয়া হয়। **১ বছরের জন্য যেসব ট্রেডে ভর্তি চলছে** — (১) ফিল্ড টেকনিশিয়ান রেফ্রিজারেশন ও হোম অ্যাপ্লায়েন্স রিপেয়ারিং, (২) ফিল্ড টেকনিশিয়ান — মোটর মেকানিক, (৩) ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিশিয়ান, (৪) ইন্ডাস্ট্রিয়াল ফিটার, (৫) ফিল্ড টেকনিশিয়ান — মেকানিক্যাল। **৬ মাসের জন্য যেসব ট্রেডে ভর্তি চলছে** — (১) মেশিনিস্ট, (২) স্মার্ট ফোন ও টিভি রিপেয়ারিং, (৩) ওয়েল্ডিং, (৪) ফিটার ও পাইপ ফিটার, (৫) ইলেক্ট্রিশিয়ান, (৬) অটোমোবাইল মেকানিক, (৭) রেফ্রিজারেশন ও এসি, (৮) ইলেক্ট্রিক ভেহিকল টেকনিশিয়ান, (৯) সোলার অ্যান্ড পিএলসি টেকনিশিয়ান, (১০) সি.এন.সি অপারেটর (২ মাস)। **সুযোগ-সুবিধা :** (১) অত্যাধুনিক ওয়ার্কশপ, (২) **কোর্সের শেষে ১০০% কাজের সুযোগ,** (৩) ইন্ডাস্ট্রি পরিদর্শন, (৪) পার্সোনালিটি ও ইন্টারভিউ প্রিপারেশন, (৫) এনএসডিসি পরীক্ষা। **প্রশিক্ষণ সহায়ক হিসাবে যুক্ত :** ব্লু স্টার, মাহিন্দ্রা রাইজ, আইএফবি ইন্ডাস্ট্রিস লিমিটেড। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ। যোগাযোগের ঠিকানা : ৩১৩ জিটি রোড, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২। ফোন : (০৩৩) ২৬৫৪-৭৩৫০/৮০১০, ৭৬৮৫০৭৩৮০৪।

## আসন্ন আপার প্রাইমারি টেট্ ও সাফল্যের টিপস্



টি. কে. মিত্র

আমাদের রাজ্যের ছেলেমেয়েরা যাঁরা বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছেন, তাঁদের কাছে খুবই আনন্দের সংবাদ এই যে, 'আপার প্রাইমারি টেটের' বিজ্ঞপ্তি প্রকাশের পথে. যে কোনোদিন তাহা বাহির হবে। বিজ্ঞপ্তির সর্বাধিক তিনমাসের মধ্যে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কীভাবে এই স্বল্প সময়ের মধ্যে প্রস্তুতি সম্পূর্ণ করে পরীক্ষায় বসে সফল হওয়া সম্ভব, সে ব্যাপারে আলোকপাত করলেন রাজ্যের অন্যতম সফল প্রিমিয়ার ট্রেনিং ইনস্টিটিউট 'ক্যাসেস্ এডুকেশনের' শিক্ষাধ্যক্ষ টি. কে. মিত্র। তিনি জানালেন, একটি 'এক্সপার্ট টিমের' মাধ্যমে প্রস্তুতি শুরু হয়েছে। যে বা যাঁরা ওই পরীক্ষায় সফল হতে চান, তাঁদেরকে এই কোর্সে ভর্তি হয়ে ওই 'এক্সপার্ট টিমের' সান্নিধ্যে আসতে হবে। সেখানে প্রতিটি বিষয়ের উপর সেরা সেরা ফ্যাকাল্টিরা নিজেদেরকে উজাড় করে দিয়ে ছাত্র-ছাত্রীদের প্রস্তুতি যজ্ঞে নিমগ্ন আছেন। এখানে কোনো একটি ছাত্র বা ছাত্রী যদি এই কোর্সের জন্য ভর্তি হন, তাহলে তাঁকে একচান্সে সাফল্য এনে দেওয়ার দায়িত্ব ওই টিমের। তাঁকে শুধু ওই বিশেষজ্ঞদের গাইডলাইন মেনে নিবিড় অধ্যবসায়ে নিমগ্ন থাকতে হবে। খবরে প্রকাশ, দীর্ঘদিন এই পরীক্ষা না হওয়ায় ভ্যাকেন্সির সংখ্যা বেড়েছে কয়েকগুণ। তাই প্রতিটি ছাত্রছাত্রীর কাছে এই পরীক্ষায় বসার সুবর্ণ সুযোগ হারানো কাম্য নহে। এ বিষয়ে আরো জানতে এবং সাফল্যের বৈজ্ঞানিক টিপ্স পেতে সরাসরি চলে আসুন এই ঠিকানায়— ক্যাসেস এডুকেশন, ৩৫ এ.পি.সি. রোড, কলি-৯ (জগৎ সিনেমার কাছে)। W.A : 9062756906, 9123325910

## ১৯৫ প্রাইভেট সেক্রেটারি

**নিজস্ব সংবাদদাতা, এলাহবাদ :** এলাহবাদ হাই কোর্ট প্রাইভেট সেক্রেটারি গ্রেড-। পদে ১৯৫ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে অন্তত যথাক্রমে ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার অপারেশনের কাজে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৬'র হিসাবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৫৬১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ১৯৫টি। বিজ্ঞপ্তি নং : 01/Private Secretary Grade-1/2026, Date: 12th March, 2026.

প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) এলিমেন্টারি নলেজ অফ জেনারেল ইংলিশ -২০ নম্বর, (২) এলিমেন্টারি নলেজ অফ কম্পিউটার - ২০ নম্বর, (৩) জেনারেল নলেজ / কারেন্ট অ্যাফেয়ার্স ২০ নম্বর। (৪) ইংরিজি শর্টহ্যান্ডে ট্রান্সলেট করা ৪০ নম্বর, এরপর শর্টহ্যান্ডে থাকবে ২০০ নম্বর, কম্পিউটার নলেজ টেস্টে ১০০ নম্বর। প্রথম ৩টি পেপারের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.allahabadhighcourt.in, https://exams.nta.nic.in/allhcre এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ১,৯০০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন।

## ল' পাশ করে গতানুগতিক কোর্ট প্র্যাক্টিস ছাড়াও আছে অনেক ধরনের কাজের সুযোগ

**বিশেষ প্রতিবেদন :** ল' পাশ করার পর সাধারণত কোর্ট প্র্যাক্টিস করতে হয় সাধারণ মানুষের এটাই ধারণা। কিন্তু এই ধারণা পুরোপুরি সঠিক নয়। কোর্ট প্র্যাক্টিস ছাড়াও ল' পাশ করে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে। যেমন ম্যারেজ রেজিস্ট্রার হওয়া, জমি-বাড়ি-ফ্ল্যাট রেজিস্ট্রেশনের কাজ করা, বি.এল.এল.আর.ও অফিসে জমি-বাড়ি-ফ্ল্যাট'এর রেকর্ড (পরচা) / মিউটেশন তৈরি করার কাজ। RTO অফিসের মাধ্যমে চার চাকা / দু'চাকা গাড়ি কেনাবেচার পর তার নাম পরিবর্তন সংক্রান্ত কাজ, ক্লাব / সোসাইটি রেজিস্ট্রেশনের কাজ, ইনকাম ট্যাক্স / জি.এস.টি সংক্রান্ত কাজ, ক্রেতা-বিক্রেতা (Consumer Protection) সংক্রান্ত কাজ। এছাড়াও আছে একাধিক কাজের সুযোগ। যেমন, ব্যাঙ্কের লোন, বন্ধকী, সারফেসি, DRT সংক্রান্ত কাজ, কো-অপারেটিভ সোসাইটি সংক্রান্ত কাজ, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি মিউটেশন সংক্রান্ত কাজ, বিভিন্ন Tribunal (LRTT, SAT, CAT, Income Tax, Labour, Banking) সংক্রান্ত কাজ করে ভালো রোজগারের সুযোগ আছে ল' পাশ করে।

মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভর্তি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে প্রতিষ্ঠিত হয়েছেন।

এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.


**VACANCY**

**Midnapore Scan Centre Pvt. Ltd. Require one HR Manager. Age 30-40 years. Fully knowledge in Medical, Diagnostic, Hospital sector. Preferable MBA in HR. 5 years experience in a recognized Hospital / Diagnostic centre.**

**Please call 9674932281**

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন

রেলের গ্রুপ 'ডি'

ও

WBCS প্রিলিমিনারি

পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :

6291684943

সাফল্য সাফল্য

সাধারণ জ্ঞান

প্রতিটি মাত্র ~~টাকা~~ ৩০০/- টাকা

## অগ্নিবীর (এম.আর)

১ পাতার পর

৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। 01/2027 ব্যাচের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১২-২০০৪ থেকে ৩১-৫-২০০৯'এর মধ্যে। 02/2027 ব্যাচের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি। ছেলেদের বেলায় বুকের ছাতি অন্তত ৫ সেমি. প্রসারণ ক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/১২, ৬/১২ যা ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। এছাড়া রং চেনার ক্ষমতা CPII থাকতে হবে। শুরুতে বেসিক ট্রেনিং হবে, ওড়িশার খুরদার আই.এন.এস. চিল্কায়। তারপর নির্দিষ্ট ট্রেডে নৌবাহিনীতে পেশাদারি ট্রেনিং। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় পাবেন। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে সব ক'টি ব্যাচের কম্পিউটার বেসড 'ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট (INET)' হবে মে মাস নাগাদ। এই পরীক্ষায় ৫০টি প্রশ্ন হবে এই দু'টি পার্টে : সায়েন্স অ্যান্ড অঙ্ক, জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। সময় থাকবে ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

ফল বেরোবে মে-জুন মাস নাগাদ। এরপর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে 01/2027-এর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে এবছর অক্টোবর থেকে ডিসেম্বরের মধ্যে। আর 02/2027-এর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে আগামী বছর মার্চ থেকে মে'র মধ্যে। এই পরীক্ষায় শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস, ১৫ বার পুশ-আপ ও ১৫ বার হাঁটু ভেঙে সিট আপ। মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়, ১৫ বার ওঠ-বোস, ১০ বার পুশ-আপ ও ১০ বার হাঁটু ভেঙে সিট আপ। এরপর ডাক্তারি পরীক্ষা হবে আই.এন.এস. চিল্কায়। ৩-৪ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://joinindiannavy.gov.in ট্রেনিং শুরু 01/2027-এর ব্যাচের বেলায় ডিসেম্বরের মধ্যে। আর 02/2027-এর বেলায় আগামী বছরে মে মাসে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : https://joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণ পত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে জমা দেবেন (জি.এস.টি. চার্জ আলাদা)। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## আসন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষাগুলিতে নিশ্চিত সাফল্যের দিশা নিয়ে ফ্রি-সেমিনার কলকাতার বালিগঞ্জে

নিজস্ব প্রতিনিধি : WBCS, SSC, Bank, WBPSC ও রেলের চাকরির পরীক্ষাগুলিতে নিশ্চিত সাফল্যের জন্য সর্বপ্রথম চাই প্রার্থীদের সঠিক চাকরির পরীক্ষা নির্বাচন ও সাথে চাই সঠিক প্রশিক্ষণ ও অধ্যাবসায়। প্রত্যেক সরকারি চাকরির প্রার্থীর উচিত নিজের ক্ষমতা অনুযায়ী সঠিক সরকারি চাকরির পরীক্ষা নির্বাচন করা, না হলে বছরের পর বছর পরিশ্রম করেও কোন সাফল্য আসে না। যেহেতু বর্তমানে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন পদে বিপুল সংখ্যক সরকারি চাকরির সুযোগ রয়েছে ও আগামী দু-একবছর এই ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায়, তাই সকল উচ্চ মাধ্যমিক পাস, কলেজ পড়ুয়া ও গ্রাজুয়েট চাকরি প্রার্থীদের জন্য সরকারি চাকরি পাওয়ার এটি একটি সুবর্ণ সুযোগ।

তাই কলকাতার বালিগঞ্জের প্রসিদ্ধ প্রতিষ্ঠান ICE একাডেমি সকল সরকারি চাকরির প্রার্থীদের জন্য আগামী 22 শে শে মার্চ, রবিবার ঠিক দুপুর 12 টায় আয়োজন করছে একটি ফ্রি সেমিনার। এই সেমিনারে থাকবেন সরকারি চাকরির বিশিষ্ট বিশেষজ্ঞরা। আসন্ন বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষাগুলি নিয়ে হবে চুলচেরা বিশ্লেষণ। সেমিনারে উপস্থিত সকল চাকরি প্রার্থীদের নিজের ক্ষমতা অনুযায়ী কোন ধরনের চাকরি টার্গেট করলে সাফল্য আসতে পারে তা নিয়ে বিশেষজ্ঞরা জানাবেন তাদের মতামত। এছাড়া সেমিনারের পর প্রতিটি চাকরি প্রার্থীদের জন্য থাকবে আলাদা করে ফ্রি কাউন্সেলিং সেশন। তাই যারা এই বছর কেন্দ্রীয় বা বাজ্য সরকারি চাকরির পরীক্ষায় সাফল্য পেতে চান আর দেরি না করে অবশ্যই এই ফ্রি সেমিনারের জন্য নাম নথিভুক্ত করুন।

বিগত ১০ বছর ধরে সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য রাজ্যের অন্যতম সেরা প্রশিক্ষণ কেন্দ্র হল ICE Academy. বর্তমানে রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে কর্মরত প্রাক্তন ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে। বিশিষ্ট সরকারি অফিসারদের তত্ত্বাবধানে সাজানো এই প্রশিক্ষণ নিয়ে এবার আপনিও পুরণ করতে পারেন সরকারি চাকরির স্বপ্ন।

**সেমিনার** আগামী 22 শে মার্চ, রবিবার ঠিক দুপুর 12 টায়।

**আয়োজক** ICE Academy, 227A, রাসবিহারী অ্যাভিনিউ, বালিগঞ্জ, কলকাতা-19 (বালিগঞ্জ রেলওয়ে স্টেশন এর পাশে)। নাম নথিভুক্ত করতে এখনই যোগাযোগ করুন 9804412898/7044517509.

## ১৩ কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। শূন্যপদ বর্ধমান, জয়গাঁও, শ্রীনিকেতন-শান্তিনিকেতন, গঙ্গাসাগর-বকখালি, তারাপীঠ-রামপুরহাট, বক্রেশ্বর, পাথরচাপুরি, ফুরফুরা শরিফ, তারকেশ্বর, চ্যাংরাবান্ধা, মুকুটমণিপুর, গজলডোবা, মোহাবানি ডেভেলপমেন্ট অথরিটিতে ১টি করে। এই পদের বিজ্ঞপ্তি নং Advertisement No. 02 of 2026. প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০) টাকা অনলাইনে জমা দেবেন Indiaideas.com Limited (Bill Desk)-এ। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




## পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে

১ পাতার পর

(৩) ইঞ্জিনিয়ারিং বা, ফার্মাসির ডিগ্রি কোর্স (ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে তৃতীয় বর্ষে (JELET), (৪) নার্সিং (ANM & GNM), (৫) নার্সিংয়ের পোস্ট বেসিক বি.এসসি. (JEPBN), (৬) এম.এসসি. নার্সিং (JEMScN), (৭) প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড সায়েন্সের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স (JEMAS-PG), (৮) কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি (MCA) (JECA). কোন কোর্সের এন্ট্রান্স পরীক্ষা কবে হবে, শিক্ষাগত যোগ্যতা ও প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি দেওয়া হল :

### ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি, আর্কিটেকচারের ডিগ্রি (WBJEE)

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং কলেজ, সরকারি কলেজ, টেকনোলজিক্যাল কলেজ, শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি, যাদবপুর বিশ্ববিদ্যালয়, আলিয়া বিশ্ববিদ্যালয়, সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়, অ্যাডামাস বিশ্ববিদ্যালয়, নেওটিয়া বিশ্ববিদ্যালয়-সহ সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে 'ইঞ্জিনিয়ারিং (বি.ই.)', 'টেকনোলজি (বি.টেক.)', 'আর্কিটেকচার (বি. আর্ক)', 'মেরিন ইঞ্জিনিয়ারিং', 'প্রিন্টিং টেকনোলজি'র ডিগ্রি কোর্স আর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাসি, ইঞ্জিনিয়ারিং (বি.ই.) ও টেকনোলজি (বি.টেক.)'এর ডিগ্রি কোর্সে ভরতির জন্য ২০২৬ সালের জয়েন্ট এন্ট্রান্স (WBJEE - 2026) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের 'জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (WBJEE-2026)'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড'। প্রথমে হবে লিখিত পরীক্ষা ২৪ মে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন ১৫ মে থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in এজন্য পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, ও.বি.সি., মহিলা হলে ৪০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : Controller of Examinations, West Bengal Joint Entrance Examination Board, Rupanna, DB-118, Sector-1, Salt Lake City, Kolkata-64. অনলাইন ফর্ম এডিট করতে পারবেন ৭ এপ্রিল থেকে ৯ এপ্রিল পর্যন্ত।

### নার্সিং, ফিজিওথেরাপি ও ল্যাব টেকনিশিয়ানের ডিগ্রি (JENPAS-UG)

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বা, বেসরকারি কলেজে 'নার্সিংয়ের বি.এসসি.' কোর্স', 'ফিজিওথেরাপির ডিগ্রি', 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিগ্রি' কোর্সে আর 'ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি', 'অপারেশন থিয়েটার টেকনোলজি', 'পারফিউশন টেকনোলজি', 'ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট', 'মেডিক্যাল মাইক্রোবায়োলজি' ও 'হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি' (বি.এসসি.) কোর্সে ভরতির জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (JENPAS-UG)-দিতে হয়। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন :

**নার্সিংয়ের বি.এসসি. :** ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর-সহ ওই তিন বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ন্যূনতম ১৭ বছর। সর্বাধিক বয়সের কড়াকড়ি নেই।

**ফিজিওথেরাপির ডিগ্রি (বি.পি.টি.), মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিগ্রি (বি.এম.এল.টি.), ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (সি.সি.টি.), অপারেশন থিয়েটার টেকনোলজি (ও.টি.টি.), পারফিউশন টেকনোলজি (পি.টি.), ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট (পি.এ.), মেডিক্যাল মাইক্রোবায়োলজি (এম.এম.বি), ভিশন সায়েন্স অ্যান্ড অপ্টোমেট্রি :** ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা প্রতিটিতে পাশ নম্বর-সহ ওই ৪ বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে৪০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি (বি.এইচ.এ.) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

বি.এসসি. নার্সিং ও ভিশন সায়েন্স অ্যান্ড অপ্টোমেট্রির ডিগ্রি কোর্সের বেলায় বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে, 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি'র ডিগ্রি কোর্সে আর 'ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি', 'অপারেশন থিয়েটার টেকনোলজি', 'পারফিউশন টেকনোলজি', 'ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট', 'মেডিক্যাল মাইক্রোবায়োলজি' ও 'হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনে'র ডিগ্রি কোর্সের বেলায় ৪০ বছরের মধ্যে আর ফিজিওথেরাপির ডিগ্রি কোর্সের বেলায় বয়সের কোনো কড়াকড়ি নেই। সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ন্যূনতম ১৭ বছর।

প্রার্থী বাছাই হবে 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স (JENPAS-UG-2026) পরীক্ষা'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড'। পরীক্ষা হবে ৭ জুন।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ২৪ মার্চ থেকে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in, www.wbjeeb.nic.in বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

### পলিটেকনিক থেকে ডিপ্লোমা কোর্স পাশদের জন্য ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সে ভরতি (JELET)

পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি ও ফার্মাসি কলেজে 'ইঞ্জিনিয়ারিং', 'টেকনোলজি' ও 'ফার্মাসি'র ৪ বছরের ডিগ্রি কোর্সের দ্বিতীয় বর্ষে (৩য় সেমেস্টারে) ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে ভরতির জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (JELET-2026)' ফর্ম দেওয়া শুরু হয়েছে।

এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত পলিটেকনিক থেকে ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি /ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৪৫% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪০%) নম্বর থাকলে সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বেলায় মোট অন্তত ৬০% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর থাকলে সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি /ফার্মাসির ডিপ্লোমা কোর্সের এবছরের ফাইনাল (ষষ্ঠ সেমেস্টার) পরীক্ষার্থীরা আগের সেমেস্টারে পাশ করে থাকলে ও ফাইনাল পরীক্ষায় ওই শতকরা নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও যোগ্য।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখার বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৪৫% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে 'ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি'র ডিগ্রি কোর্সেও ভর্তির জন্য আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

বয়সের কড়াকড়ি নেই। তবে বি.এসসি. ও মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স পাশদের বেলায় বয়স হতে হবে ২৭ ও ২৫ বছরের মধ্যে। বিস্তারিত তথ্য পাবেন প্রস্পেক্টাস থেকে।

প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের জয়েন্ট এন্ট্রান্স (জেলেট -২০২৬) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। পরীক্ষা হবে ১৩ জুন। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ১৯ মার্চ থেকে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in

### নার্সিং (ANM/GNM) কোর্স :

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীন রাজ্যের বিভিন্ন নার্সিং ট্রেনিং স্কুলে প্রায় ১৫ হাজার সীটে 'অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এ.এন.এম.)' ও 'জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.)' কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হচ্ছে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ড (WBJEE)। কোন কোর্সে কেমন শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিত তথ্য দেওয়া হল :

**অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (রিভাইজড) (এ.এন.এম.) :** মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থীদের পশ্চিমবঙ্গে অন্তত ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৫০০ টাকা।

**জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) :** মোট অন্তত ৪০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। ইংরিজি বিষয় নিয়ে হেলথ কেয়ার সায়েন্স নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। এ.এন.এম. (পাশ নম্বর পেয়ে পাস) হিসাবে নাম নথিভুক্ত থাকলেও যোগ্য। পশ্চিমবঙ্গে একটানা ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও পড়তে পারা দরকার। ৩ বছরের ট্রেনিং।

এ.এন.এম. কোর্সে ভরতির জন্য শুধুমাত্র মেয়েরা যোগ্য। জি.এন.এম. কোর্সে ভরতির জন্য ছেলেমেয়ে উভয় প্রার্থীরাই যোগ্য।

**বয়স :** ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-০৭-২০২৬'র হিসাবে ন্যূনতম ১৭ বছর। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। এবছর যাঁরা উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। 'Joint Entrance Test for Auxiliary Nursing & Midwifery (Revised) and General Nursing & Midwifery - 2026'এর মাধ্যমে। এই পরীক্ষা হবে এবছর ১৪ জুন, বেলা ১২টা থেকে দেড়টা পর্যন্ত। এই পরীক্ষায় ১১৫ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) লাইফ সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত)-৫০ নম্বরের ৪০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ১০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(২) ফিজিক্যাল সায়েন্স (নবম ও দশম লেভেল পর্যন্ত) - ২৫ নম্বরের ২০টি প্রশ্ন থাকবে (ক্যাটেগরি-।'এ থাকবে ১৫টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে) (ক্যাটেগরি -।।'এ থাকবে ৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং নেই)।

(৩) ইংরিজি -১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (৪) অঙ্ক (নবম ও দশম লেভেল পর্যন্ত)-১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৫) জেনারেল নলেজ-১০ নম্বরের ১০টি প্রশ্ন। (৬) লজিক্যাল রিজনিং-৫ নম্বরের ৫টি প্রশ্ন। সময় থাকবে দেড় ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা ভাষায় (ইংরিজি ও লজিক্যাল রিজনিং ছাড়া)।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ২৫ মার্চ থেকে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.in,www.wbjeeb.nic.in বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

### পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং (JEPBN)

নার্সিংয়ের পোস্ট বেসিক বি.এসসি নার্সিং কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ৭ জুন। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ১ এপ্রিল থেকে।

### এম.এসসি. নার্সিং (JEMScNN)

নার্সিংয়ের এম.এসসি নার্সিং কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ৭ জুন। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ১ এপ্রিল থেকে।

### প্যারামেডিক্যাল ও অ্যালায়েড সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স (JEMAS-PG)

প্যারামেডিক্যাল ও অ্যালায়েড সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা হবে ১৪ জুন। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ৭ এপ্রিল থেকে।

### কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি JECA

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ, বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটে 'কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি (MCA)' কোর্সে ভরতির জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার (JECA - 2026) জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। কারা আবেদন করতে পারবেন :

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাস বা, অনার্স ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। অঙ্ক বিষয় নিয়ে বি.সি.এ., বি.ই. বা, বি.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। ওপরের দুই ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকতে হবে।

অঙ্ক বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বি.এসসি. অনার্স কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। কোন বিশ্ববিদ্যালয় ও কোন ইনস্টিটিউটে কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার তা ওয়েবসাইটে পাবেন।

প্রার্থী বাছাই হবে ২০২৬ সালের জয়েন্ট এন্ট্রান্স (JECA - 2026) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। পরীক্ষা হবে ১৪ জুন।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ৯ এপ্রিল থেকে। এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

## সাধারণ জ্ঞান

### সাধারণ বিজ্ঞান

১। কোন অ্যাসিড জলে দ্রবীভূত হলে একটি দ্রবণ তৈরি করে, যা সাধারণত 'ভিনিগার' নামে পরিচিত — অ্যাসিটিক অ্যাসিড (ফর্মুলা CH3COOH)।

২। একটি ১৭ ক্যারেট সোনায় অন্যান্য ধাতুর ক'টি অংশ থাকে — ৭টি (যার মধ্যে থাকতে পারে তামা, রুপো বা, প্যালাডিয়াম)।

৩। পেট্রোল ইঞ্জিন আবিষ্কারক হলেন — জার্মান ইঞ্জিনিয়ার নিকোলাস



অগাস্ট অটো (১৮৭৬ সালে সফলভাবে একটি পেট্রোল ইঞ্জিন তৈরি করেন তিনি)।

৪। মানবদেহে কোন অঙ্গ থেকে রেনিন ক্ষরিত হয় — বৃক্ক।

৫। কোনো বস্তুতে আধানের অস্তিত্ব নির্ণয়ের যন্ত্র হল — তড়িৎবীক্ষণ যন্ত্র।

৬। প্রাকৃতিক কোন উৎস থেকে সবথেকে বেশি মৃদু জল পাওয়া যায় — বৃষ্টিপাত।

৭। অপটিক্যাল ফাইবারে আলোর কোন ঘটনাটি ঘটে — অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন।

### ইতিহাস

৮। কোন লোদি শাসকের আসল নাম ছিল নিজাম খান — সিকান্দার লোদি (১৪৮৯ সাল থেকে ১৫১৭ সাল পর্যন্ত লোদি রাজবংশের একজন শাসক ছিলেন তিনি)।

৯। কলকাতা বিশ্ববিদ্যালয় কমিশন, যা 'স্যাডলার কমিশন' নামেও পরিচিত। এটি কোন সালে প্রতিষ্ঠিত হয় — ১৯১৭ (এর চেয়ারম্যান স্যার মাইকেল স্যাডলার'এর নামানুসারে এটির নাম রাখা হয়েছিল)।

১০। ভারতে, ইংরিজি শিক্ষা কার আমলে চালু হয় — লর্ড বেন্টিঙ্ক।

১১। সিন্ধু সভ্যতার লোকেরা কোন ধাতুর ব্যবহার জানতো না — লোহা।

১২। বাণভট্ট কার সভাকবি ছিলেন — হর্ষবর্ধন।

১৩। ফারসি লেখক হিসাবে পরিচিত হাজী ইব্রাহিম সারহিন্দী, আকবরের আমলে কোন সংস্কৃত রচনাটি ফারসি ভাষায় অনুবাদ করেছিলেন — অথর্ববেদ।

১৪। 'জাহাঙ্গীর মহল' কোন দুর্গে অবস্থিত — আগ্রা ফোর্ট (সম্রাট আকবর তাঁর পুত্র জাহাঙ্গীরের বাসস্থান হিসাবে 'জাহাঙ্গীর মহল' তৈরি করেছিলেন)।

১৫। কোন উপনিষদে ব্যক্তির জীবনের ৪টি আশ্রমের স্পষ্ট উল্লেখ রয়েছে — জাবালা উপনিষদ (৪টি আশ্রম হল : ব্রহ্মচর্য, গৃহস্থ, বাণপ্রস্থ ও সন্ন্যাস)।

### ভূগোল

১৬। ভারতের কোন শহরে টেলিফোন কেবল তৈরি হয় — মুম্বই।

১৭। ভারতের কোন শহরকে 'সূর্যোদয়ের শহর' বলা হয় — উদয়পুর।

১৮। ভারতের কোন রাজ্যের আয়তন সবথেকে বেশি — রাজস্থান (৩,৪২,২৩৯ বর্গ কিলোমিটার)।

১৯। 'জওহরলাল নেহরু বন্দর' ভারতের কোন রাজ্যে অবস্থিত — মহারাষ্ট্র (মুম্বইয়ে অবস্থিত এই বন্দরটি ভারতের বৃহত্তম কন্টেইনার বন্দর)।

২০। কোন গিরিপথটি তাওয়াংকে লাসার সঙ্গে সংযুক্ত করে — বাম লা পাস (অরুণাচল প্রদেশে অবস্থিত)।

২১। ভারতে সবথেকে বেশি কাঁচা রেশম উৎপাদন করে কোন রাজ্য — কর্ণাটক (দেশের কাঁচা রেশম উৎপাদনের ৬০ শতাংশের জন্য দায়ী কর্ণাটক)।

২২। ভারতের শীতলতম স্থান কোনটি — দ্রাস (জম্মু ও কাশ্মীরের কার্গিল জেলায় অবস্থিত)।

২৩। তামাক বোর্ডের সদরদফতর কোথায় অবস্থিত — গুন্টুর (আন্ধ্রা প্রদেশ)।

### সাম্প্রতিক ঘটনা

২৪। কোন দেশ তার প্রথম বৈজ্ঞানিকভাবে জৈব-প্রমাণিত মনোফ্লোরাল ল্যাভেন্ডার মধু তৈরি করল — ভারত (জম্মু ও কাশ্মীরের পুলওয়ামায় অবস্থিত ফিল্ড স্টেশনে 'সিএসআইআর-ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইন্টিগ্রেটিভ মেডিসিন'এর নেতৃত্বে এই উদ্ভাবনটি করা হয়েছে)।

২৫। কত বছর পর ভারতে ফিরল গৌতম বুদ্ধের সময়ের 'পিপ্রাহওয়া রত্ন' — ১২৭ (বেশ কয়েক বছর ধরে এই রত্নগুলি হংকংয়ে ছিল)।

২৬। সম্প্রতি প্রয়াত শিবু সোরেন (৮১ বছর) ভারতের কোন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ছিলেন — ঝাড়খণ্ড (২০২৫ সালের ৪ আগস্ট মারা যান তিনি)।

২৭। কোন দেশের থেকে 'সি-২৯৫' সামরিক পরিবহণ বিমান হাতে পেল ভারত — স্পেন।

২৮। 'জাগুয়ার ল্যান্ড রোভার'এর পরবর্তী চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — পি.বি.বালাজি।

২৯। কেন্দ্রের আর্থিক উপদেষ্টা (প্রতিরক্ষা পরিষেবা) হিসাবে দায়িত্ব নিলেন কে — ড.ময়াঙ্ক শর্মা।

৩০। ২০২৫-'২৬ বছরের জন্য, 'ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন কে — টিসিএ শ্রীনিবাস প্রসাদ।

সঙ্কলক : পলি দেওয়ান

## পশ্চিম মেদিনীপুরে কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ২৪ ও ২৫ মার্চ,মঙ্গলবার ও বুধবার পশ্চিম মেদিনীপুর জেলা শহরের কেরানীতলায় (মেদিনীপুর স্টেশন রোড) শ্রী শ্যাম সঙ্গে এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়।পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন —এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এইনম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

২৪ ও ২৫ মার্চ পশ্চিম মেদিনীপুরে অনুষ্ঠিত 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে : (১) ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) রাইস এডুকেশন, (৩) জে.আই.এস গ্রুপ, (৪) চিৎকারা ইউনিভার্সিটি, (৫) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৬) ডলফিন স্কুল অফ হোটেল ম্যানেজমেন্ট, (৭) ডিসান অ্যাকাডেমি, (৮) টেকনো স্পেশালিটি মিডিয়া (অ্যানিমেশন অ্যাকাডেমি), (৯) টি.আই.ই.এম হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট অ্যান্ড কলেজ, (১০) সিকম স্কিল ইউনিভার্সিটি, (১১) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১২) ড. বি.সি.রায় কলেজ, (১৩) বাঁকুড়া উন্নয়নী, (১৪) এম.সি.কে.ভি ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১৫) এনডেভর স্কুল অফ প্রফেশনাল এডুকেশন, (১৬) ক্যামেলিয়া গ্রুপ অফ কলেজ, (১৭) সিকম গ্রুপ অফ ইনস্টিটিউশন, (১৮) টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি, (১৯) সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি, (২০) এন.আই.এইচ.টি, (২১) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, (২২) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (২৩) বি.এস.এইচ.এম, (২৪) আপগার্ড স্কুল অফ টেকনোলজি, (২৫) আই.কিউ সিটি নলেজ অ্যান্ড হেল্থ ক্যাম্পাস (দুর্গাপুর), (২৬) কলেজ ভাইভ, (২৭) গ্লোবাল নলেজ ক্যাম্পাস, (২৮) সমাজকল্যাণ নার্সিং ইনস্টিটিউট, (২৯) এক্সেল মেডিস্কিল, (৩০) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (৩১) নির্মলা ফাউন্ডেশন, (৩২) হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, (৩২) ৪ডি ভিএফএক্স অ্যাকাডেমি, (৩৩) বজবজ ইনস্টিটিউট অফ টেকনোলজি অ্যান্ড জিমস, (৩৪) পাঁশকুড়া কেরিয়ার ফোকাস কন্সালট্যান্সি।

## কয়েক হাজার ক্লার্ক

১ পাতার পর

হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

**লাইব্রেরিয়ান :** কামিল, এম.এম., এম.এফ., এম.ইউ. কিংবা আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি /ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, মাস্টার ডিগ্রি কোর্সের যে কোনো একটিতে আরবি বিষয় নিয়ে পাশ হতে হবে কিংবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আরবি বিষয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। মাদ্রাসা এডুকেশন সিস্টেম, ইসলামিক স্টাডিজ অ্যান্ড কালচার বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে।

**প্রধান শিক্ষক, প্রধান শিক্ষিকা, মাদ্রাসার সুপারিন্টেন্ডেন্ট :** এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী যোগ্যতা থাকতে হবে। ইসলামিক স্টাডিজ ও ইসলামিক কালচারে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৫৫ বছরের মধ্যে।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে মাদ্রাসা সার্ভিস কমিশন। টিচিং ও নন-টিচিং সব পদের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের লিখিত পরীক্ষা হবে। তারপর হবে ইন্টারভিউ।

**ক্লার্ক, লাইব্রেরিয়ান পদের বেলায়** প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা দিতে হবে। তাতে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে মেনস পরীক্ষা দিতে হবে। লাইব্রেরিয়ান পদের বেলায় ৯০ নম্বরের মেনস পরীক্ষা হবে। তারপর হবে ১০ নম্বরের ইন্টারভিউ।

ক্লার্ক পদের বেলায় ৭০ নম্বরের মেনস পরীক্ষা হবে। তারপর ১০ নম্বরের কম্পিউটার টাইপিং টেস্ট ও ১০ নম্বরের ইন্টারভিউ দিতে হবে।

মাদ্রাসা সার্ভিস কমিশন সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বের করেছে। খুব শিগগিরই দরখাস্ত নেওয়া শুরু হবে। তখন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি, শূন্যপদ ইত্যাদি-সহ আরো বিস্তারিত তথ্য যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbmsc.com

## কোল ফিল্ডে ১,৬০০

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : সিভিল ৪০টি। ইলেক্ট্রিক্যাল ৫০টি। মেকানিক্যাল ৫০টি। মাইনিং ইঞ্জিনিয়ারিং - ৯০০টি। মাইন সার্ভেয়িং ৪০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং -২০টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** নেওয়া হবে এইসব ট্রেডে : মাইনিং, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : মাইনিং ২০০টি। ইলেক্ট্রিক্যাল ৩০টি। মেকানিক্যাল ৩টি। সিভিল ২০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ১০টি।

**গ্র্যাজুয়েট ইন অ্যাডমিনিস্ট্রেশন (বি.বি.এ.) :** বি.বি.এ. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২৫টি।

**গ্র্যাজুয়েট ইন কম্পিউটার অ্যাপ্লিকেশন (বি.সি.এ.) :** বি.সি.এ. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০০টি।

**গ্র্যাজুয়েট ইন কমার্স (বি.কম.) :** কমার্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। শূন্যপদ : ৫০টি।

**গ্র্যাজুয়েট ইন সায়েন্স (বি.এসসি) (কেমিস্ট্রি) :** কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩৫টি।

ওপরের সব ক্ষেত্রেই বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। কোনো অ্যাপ্রেন্টিস ট্রেনিং নিয়ে থাকলে যোগ্য নন। শুরুতে ১২ মাসের ট্রেনিং। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে।

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে ৩১ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nats.education.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে www.secl-cil.in

## চাকরির টুকরো খবরাখবর

### জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা ৭ এপ্রিল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পদের পেপার-।।'এর পরীক্ষা হবে ৭ এপ্রিল। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

### কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষা ১০ এপ্রিল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের টায়ার-।।'এর পরীক্ষা হবে ১০ এপ্রিল। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

### স্টেট ব্যাঙ্কের জুনিয়র অ্যাসোসিয়েটস পদের ফল বেরোল

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলরা স্কোর কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : https://sbi.bank.in

### বরোদা ব্যাঙ্কের পিওন পদে ফল বেরোল

ব্যাঙ্ক অফ বরোদার অফিস অ্যাসিস্ট্যান্ট (পিওন) পদের প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://bankofbaroda.bank.in

### ডি.আর.ডি.ও.'র পরীক্ষা

ডি.আর.ডি.ও.'র সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-বি, টেকনিশিয়ান-এ পদের CEPTAM-11'এর টায়ার -1 পরীক্ষা হবে ২৩ মার্চ। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://www.drdo.gov.in


ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সংস্থা দ্বারা অনুমোদিত, পুরস্কৃত ও প্রশংসিত

RGCTC ©

রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র

কম্পিউটার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে



NEW FRANCHISE AVAILABLE - GROW WITH US

বিশদে জানতে নিম্নলিখিত RGCTC স্টাডি সেন্টারে আজই যোগাযোগ করুন

BANKURA
GALIA: 9732012365
BANKURA: 9734986502
BIKRAMPUR : 9749483578

HOOGHLY
DHANIAKHALI : 9933504610
PURSURAH : 8327828308
TARAKESHWAR : 9641277477
PURSURAH : 8327828308

MALDA
CHANCHAL : 9434683673
MALDA TOWN : 7001669422

JHARGRAM
JHARGRAM : 9635170976

UTTAR DINAJPUR
ITAHAR : 6297790220
KALIYAGANJ : 9475588756
HEMTABAD : 9434581134
RAIGANJ TOWN : 7001936051
RUPAHAR : 7679787688
RAIGANJ : 7001608070
CHAKULIA : 7908455216

HOWRAH
LILUAH : 6289393327

JALPAIGURI
JALPAIGURI TOWN : 9749446885
MAYNAGURI : 9064335455

PURBA BARDHAMAN
JAUGRAM : 7362996502

PURBA MEDINIPUR
BALAIPANDA : 9734392274
HERIA : 8972475067

SOUTH 24 PARAGANAS
BAKHRAHAT : 9831949767
JOYNAGAR : 9123911881
BUDGE BUDGE : 6291689289
GHATAKPUKUR : 9051128082
KRISHNANAGAR : 9800291427

MURSHIDABAD
BERHAMPORE : 9434666444
DOMKAL : 9734809909
RAGHUNATHGANJ : 7327023344

PASCHIM BURDWAN
KULTI : 9126242468

PASCHIM MEDINIPUR
MIDNAPUR : 9434161554
GHATAL : 8145306340
HARIRAJPUR : 8348510367
BORAI : 8972475067
SABANG : 9434373329

NORTH 24 PARGANAS
BARRACKPUR : 6289088685
SODEPUR : 9831409324
RAJARHAT : 8017651129

COOCHBEHAR
NAZIRHAT: 9933433184

DAKSHIN DINAJPUR
BALURGHAT : 7551054702
GOPALGANJ : 9647890506
PAGLIGANJ : 9593768298

NADIA
DHUBULIA : 8637557603
DEBAGRAM : 7098790003
ASANNAGAR : 9733578269

এই সেন্টারগুলি ছাড়া আমাদের আর কোন স্টাডি সেন্টার নেই।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন : Website : WWW.RGCTC.COM +91 94349 09000

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## মাদ্রাসা সার্ভিসের

■ *মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক ও লাইব্রেরিয়ান পদে নিয়োগের সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বেরিয়েছে। কবে থেকে দরখাস্ত নেওয়া হবে? হিন্দু সম্প্রদায়ের প্রার্থীরা দরখাস্ত করতে পারবে কি? ক্লার্ক ও লাইব্রেরিয়ান নেওয়া হবে বলা হয়েছে। তাহলে কি গ্রুপ-ডি পদে নিয়োগ হবে না? — তপন অধিকারী, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, সব সম্প্রদায়ের ছেলেমেয়েরা মাদ্রাসা সার্ভিস কমিশনের ক্লার্ক, লাইব্রেরিয়ান পদে দরখাস্ত করতে পারবে। মাদ্রাসা এডুকেশন সিস্টেম, ইসলামিক স্টাডিজ অ্যান্ড কালচার বিষয়ে জ্ঞান থাকলে ভালো হয়। সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বেরিয়েছে। অনলাইনে কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা ওয়েবসাইটে জানানো হবে। ক্লার্ক, লাইব্রেরিয়ান ও প্রধান শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে। গ্রুপ-ডি পদে এখন নিয়োগ হবে না।

## ব্যাঙ্কে চাকরির

■ *স্টেট ব্যাঙ্কে ক্লার্ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? প্রতি বছরই কি এই পদে পরীক্ষা হয়? — জিয়াউল মন্ডল, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ স্টেট ব্যাঙ্কের ক্লার্ক পদের নাম হয়েছে জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস)। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। স্টেট ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস ট্রেনিং করে থাকলে অতিরিক্ত বয়সে ছাড় পাবেন। শুরুতে ৬ মাসের প্রবেশন। সাধারণত প্রতি বছরই এই পদে লোক নিয়োগ হয়। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইনে প্রিলিমিনারি পরীক্ষা হয়। তাতে সফল হলে অনলাইনে মেন পরীক্ষা। তারপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১ ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) নিউমেরিক্যাল এবিলিটি -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল বলে ধরা হবে। কোয়ালিফাইং নম্বর কত হবে তা ব্যাঙ্ক সিদ্ধান্ত নেবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা কোয়ালিফাইং নম্বরে ৫% ছাড় পাবেন।

প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেনস পরীক্ষা হবে মার্চ-এপ্রিলে। অনলাইন মেন পরীক্ষায় ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড -৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। মোট সময় থাকবে ২ ঘন্টা ৪০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রিলি ও মেন দুই ক্ষেত্রেই প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। তবে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও অসমের প্রার্থীদের বেলায় ইংরিজি ও হিন্দি ছাড়াও বাংলা ভাষাতে প্রশ্ন হবে।

## পি.এস.সি.'র

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — অভিজিৎ এস. পাত্র, রায়দা, এগরা, পূর্ব মেদিনীপুর।*

■■ পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। তবে ভোটের পর পরীক্ষা হওয়ার সম্ভাবনা আছে। সম্ভবত জুনের প্রথম দিকে পরীক্ষা হওয়ার সম্ভাবনা আছে।

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদে প্রতি বছর মেয়েদের নিয়োগ হয় কি? এই পরীক্ষার শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এই পদে শুরুতে কত মাইনে পাওয়া যায়? — প্রিয়াঙ্কা চক্রবর্তী, তারকেশ্বর, হুগলি। রূপা দাস, নুঙ্গী, বজবজ, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের পরীক্ষা নেওয়া হয়। এই পরীক্ষা প্রতি বছরই হয় না।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট তরুণীরা ৩৯ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা ৬ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। ইংরিজি বিষয়ে প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। এইসব বিষয়ে : রিপোর্ট ড্রাফটিং, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ, সামারি / প্রেসি লেখা, ইংরিজি গ্রামার (শব্দের সঠিক ব্যবহার, ভয়েস চেঞ্জ, ন্যারেশন, বাক্য গঠন, বাক্য সংশোধন, কমন ফ্রেজ, সিনোনিম ও অ্যান্টনিম)। বাংলা বিষয়ে থাকবে রিপোর্ট লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, সামারি / প্রেসি লেখা, গ্রামার। জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে থাকবে জীবনবিজ্ঞান (নিউট্রিশন ও হেলথ-সহ), উইমেন এমপাওয়ারমেন্ট, জেনারেল নলেজ (ইতিহাস, ভূগোল, পরিবেশ বিজ্ঞান, ভৌতবিজ্ঞান), কারেন্ট অ্যাফেয়ার্স, ভার্বাল ও নন-ভার্বাল রিজনিং। অ্যারিথমেটিকে থাকবে মাধ্যমিক মানের অঙ্ক। জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স আর অ্যারিথমেটিকের উত্তর বাংলায় লিখতে পারবেন। প্রিলি. পরীক্ষায় সফল হলে মেন পরীক্ষা। মেন পরীক্ষার তারিখ পরে জানানো হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় মেন পরীক্ষায় পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ের নম্বর দেখা হবে।

## প্রাইমারি চাকরির

■ *প্রাইমারি 'টেট' পাশ করলে ওই সার্টিফিকেট'এর বৈধতা কত বছর থাকে? প্রতি বছর কি 'টেট' দিতে পারব? এজন্য কোনো অসুবিধা হবে কি? — পৌলমী দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ একবার প্রাইমারি 'টেট' পাশ করলে তার বৈধতা সারাজীবন থাকে। প্রতি বছরই 'টেট' দিতে পারবেন। প্রতিটি সার্টিফিকেটই বৈধ।

■ *উত্তর ২৪ পরগনা জেলায় প্রাইমারির ইন্টারভিউ কবে হবে? এই মাসে কোন কোন জেলার ইন্টারভিউ হবে? — সমীরণ বিশ্বাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। সুতপা রায়, হুগলি। পিয়ালী ঘোষ, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা। মারুফা খাতুন, পানপুর, নৈহাটী, উঃ ২৪ পরগনা।*

■■ পঞ্চম ফেজে নদিয়া জেলার প্রার্থীদের ইন্টারভিউ হয়েছে ১০ থেকে ১৯ মার্চ। ষষ্ঠ ফেজে পুরুলিয়া জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৩ থেকে ২৫ মার্চ, ২৭ ও ৩০ মার্চ। সপ্তম ফেজে বাঁকুড়া জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ৬ এপ্রিল থেকে ১০ এপ্রিল, ১৬, ১৭ এপ্রিল আর ২১ থেকে ২৪ এপ্রিল। অষ্টম ফেজে আলিপুরদুয়ার ও দক্ষিণ দিনাজপুর জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৭ এপ্রিল থেকে ৩০ এপ্রিল। নবম ফেজে মালদা ও পশ্চিম বর্ধমান জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ৫ মে থেকে ৮ মে ও ১২ মে থেকে ১৫ মে। দশম ফেজে বীরভূম জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১৯ মে থেকে ২২ মে, ২৮ মে ও ২৯ মে। এরপর বাকি জেলার ইন্টারভিউ হবে। উত্তর ২৪ পরগনা জেলার ইন্টারভিউ হবে সম্ভবত জুন মাস নাগাদ।

## কোর্স ও ট্রেনিং

■ *এ.এন.এম. নার্সিং কোর্স পাশ করলে কি ১০০% চাকরি পাওয়া যায়? — বিশ্বজিৎ ভক্ত, সুভাষনগর, কান্দি, মুর্শিদাবাদ।*

■■ ১০০% চাকরি পাবে সেটা বলা যায় না। তবে এ.এন.এম. পাশ করে চাকরির সুযোগ বেশি।

## পুলিশে চাকরির

■ *জেল পুলিশের কনস্টেবল পদের জন্য ২০২৩ সালে দরখাস্ত নেওয়া হয়েছিল। পরীক্ষা কবে হবে? — বাপন শেখ, রামপুরহাট, বীরভূম।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| আর্মিতে অগ্নিবীর | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| আর্মিতে নার্সিং অ্যাসিস্ট্যান্ট সেপাই ফার্মা | উচ্চমাধ্যমিক ফার্মাসি | - | ১-৪-২৬ | www.joinindianarmy.nic.in |
| এন.বি.সি.সি. ইন্ডিয়ায় জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, | ৩৫ | ৫-৪-২৬ | www.nbccindia.in |
| DSSSB-তে জুনিয়র ইঞ্জিনিয়ার, সেকশন অফিসার | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৮৯৭ | ২৫-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| ইন্ডিয়ান অয়েলের ওয়েস্টার্ন মার্কেটিং জোনে অ্যাপ্রেন্টিস | HS, ITI গ্র্যাজুয়েট | ৪০৫ | ২৬-৩-২৬ | www.iocl.com |
| কলেজে সহকারী অধ্যাপক | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১৫-৪-২৬ | www.wbcsconline.in |
| DSSSB-এ স্টেনোগ্রাফার, অপ্টোমেট্রিস্ট, পাটওয়ারি | HS, ITI গ্র্যাজুয়েট | ২৬৪ | ২৮-৩-২৬ | http://dsssbonline.nic.in |
| হিন্দুস্তান পেট্রোলিয়ামে এক্সিকিউটিভ, ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৬৫৪ | ২৫-৩-২৬ | www.hindustanpetroleum.com |
| বি.এস.এন.এল.-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১২০ | ৩১-৩-২৬ | ww.bsnl.co.in |
| ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| CSIR-IICB-তে এম.টি.এস. | উচ্চমাধ্যমিক | ৮ | ৪-৪-২৬ | https://iicb.res.in |
| ন্যাশনাল ইনঃ অফ পটনায় জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক | ১২ | ২৪-৩-২৬ | www.nitp.ac.in |
| কোলফিল্ডে সার্ভেয়র, মাইনিং সির্দার | উচ্চমাধ্যমিক ডিপ্লোমা | ৬৬৪ | ৬-৪-২৬ | www.mahanadicoal.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| রেলে NTPC গ্র্যাজুয়েট লেভেল CBT পরীক্ষা | ১৬-২৭ মার্চ | www.rrbkolkata.gov.in |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারির পরীক্ষা স্থগিত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| প্রাইমারি টিচার পদে নদিয়া, মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ১০ মার্চ থেকে ২৯ মে | https://www.wbbpeonline.com |
| CHSL-2025 (Tier-II) পরীক্ষা | ১০ এপ্রিল, ২০২৬ | www.ssc.gov.in |
| SSC-JE -2025 (Paper-II) পরীক্ষা | ৭ এপ্রিল, ২০২৬ | www.ssc.gov.in |

# রেল গ্রুপ 'ডি'

1. ভূকম্প নির্ধারক যন্ত্রের নাম কী?
(A) ব্যারোমিটার (B) সিসমোগ্রাফ (C) থার্মোমিটার (D) রিখটার স্কেল
2. জীবনের উৎপত্তি প্রথম ঘটেছিল কোথায়?
(A) জলে (B) মাটিতে (C) বনভূমিতে (D) কোনোটিই নয়
3. ভারতের অরণ্য গবেষণাগার কোথায় আছে?
(A) দার্জিলিঙ (B) বম্বায় (C) ধানবাদে (D) দেরাদুনে
4. আলংকারিক উদ্ভিদ হল —
(A) গোলাপ (B) আঙুর (C) টম্যাটো (D) ক্যাকটাস
5. 'মিনামাটা' রোগ কোন দেশে দেখা যায়?
(A) জাপানে (B) কানাডাতে (C) চিনে (D) ভারতে
6. কারা প্রথম ভারতে স্বর্ণ মুদ্রা প্রচলন করেন?
(A) ইন্দো-গ্রিক (B) চোল (C) গুপ্ত (D) শক
7. গ্রিনহাউস হল, যেখানে তাপ —
(A) প্রবেশ করতে পারে না (B) ক্রমশ কমে যায়
(C) বেরোতে পারে না (D) A ও B দু'টিই
8. COD-কথাটির পূর্ণ অর্থ হল —
(A) কেমিক্যাল অফসেট ডিমান্ড (B) কেমিক্যাল অক্সিজেন ডিপলোম্যাট
(C) কেমিক্যাল অক্সিজেন ডিম্যান্ড (D) কমিটেড অক্সিজেন ডিমান্ড
9. নীচের কোনটি চামড়া থেকে উৎপন্ন হয় না?
(A) লোম (B) পালক (C) চুল (D) রক্ত
10. 'পেলেগ্রা' রোগ কোন ভিটামিনের অভাবে হয়?
(A) E (B) অ্যালুমিনিয়াম (C) K (D) নিয়াসিন
11. হরমুজ প্রণালী কোন দুই দেশের মধ্যে অবস্থিত?
(A) ইরান-ইরাক (B) ইরান-ওমান
(C) সৌদি আরব-কুয়েত (D) কাতার-বাহরাইন
12. এশিয়ান গেমস ২০২৬ কোথায় অনুষ্ঠিত হবে?
(A) দোহা (B) হাংজৌ (C) রিয়াদ (D) নাগোয়া (জাপান)
13. ভারতের নবীনতম রাজ্য কোনটি?
(A) তেলেঙ্গানা (B) সিকিম (C) বিহার (D) অসম
14. আলোক দূষণে ক্ষতিগ্রস্ত একটি প্রাণীর নাম কী?
(A) ঈগল (B) পেঁচা (C) গোরু (D) বাঘ
15. পৃথিবীর গড় তাপমাত্রা নিয়ন্ত্রণ করে —
(A) বায়ু (B) সূর্য (C) তুষারপাত (D) বৃষ্টিপাত
16. পরিবেশের তাপমাত্রা বেড়ে গেলে কোন ফুলের পাঁপড়ি খুলে যায়?
(A) জবা (B) পদ্ম (C) গন্ধরাজ (D) গাঁদা
17. অ্যাসিড বৃষ্টি সাধারণত কোন ধরণের দূষণ?
(A) বায়ুদূষণ (B) জলদূষণ (C) কীটনাশক দূষণ (D) যানবাহন
18. ভারতে পঞ্চবার্ষিকী পরিকল্পনা কবে থেকে কার্যকরী হয়েছিল?
(A) ১৯৫১ (B) ১৯৫৫ (C) ১৯৬০ (D) ১৯৬৫
19. 'প্রকৃতির বৃক্ক' কাকে বলা হয়?
(A) সমুদ্রকে (B) অরণ্যকে (C) পুকুরকে (D) জলাভূমিকে
20. 'SOLUM' মৃত্তিকার কোন স্তর?
(A) AB (B) B (C) O (D) C
21. কোন দিনকে 'বসুন্ধরা দিবস' হিসাবে পালন করা হয়?
(A) ৫ জুন (B) ১২ জুলাই (C) ২২ এপ্রিল (D) ১৫ মার্চ
22. 'Food and Agriculture Organization'এর সদরদফতর কোথায় অবস্থিত?
(A) নিউইয়র্ক (B) রোম (C) জেনেভা (D) ব্রাজিল
23. অম্ল বৃষ্টির কারণ —
(A) হাইড্রোকার্বন (B) কার্বন-ডাই-অক্সাইড
(C) CFC (D) সালফার ডাই অক্সাইড
24. 'জাতীয় বন্য প্রাণী সংরক্ষণ আইন' কবে চালু হয়?
(A) ১৯৭১ (B) ১৯৭৩ (C) ১৯৮০ (D) ১৯৭২
25. 'সিম্পসন ইনডেক্স' দিয়ে কী পরিমাপ করা হয়?
(A) ওজোন স্তর ক্ষয় (B) বায়োডাইভার্সিটি
(C) জলাশয়ে ইউট্রোফিকেশন (D) ভৌমজল দূষণের মাত্রা
26. একজন সুস্থ স্বাভাবিক পুরুষের BMR (বেসাল মেটাবলিক রেট) কত?
(A) ঘণ্টায় 40 K. Cal (B) ঘণ্টায় 35 K.Cal
(C) ঘণ্টায় 45 K. Cal (D) ঘণ্টায় 72 K.Cal
27. 'ডেস্টিনেশন টু ডেথ' কার সৃষ্টি?
(A) লিওনার্দো দ্য ভিঞ্চি (B) ভ্যান গগ (C) গর্গ্যা (D) পাবলো পিকাসো
28. ভারতে সর্বপ্রথম কোন সুলতান তামার মুদ্রা চালু করেন?
(A) শের শাহ (B) মহম্মদ বিন তুঘলক
(C) আলাউদ্দিন খলজী (D) ইলতুৎমিস

## রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ২২ হাজার শূন্যপদে দরখাস্ত নেওয়া হয়েছে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন কর্মসংস্থান পত্রিকার সহকারী সম্পাদক **রঞ্জিত ঘোষ**।

29. সুপ্রিম কোর্ট রাষ্ট্রপতির কাছে কার অপসারণের সুপারিশ করতে পারে?
(A) ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের সভাপতি ও অন্যান্য সদস্যদের (B) মন্ত্রী পরিষদের যেকোনো সদস্য (C) লোকসভার অধ্যক্ষ (D) ওপরের সবাই
30. 'বিক্রম সারাভাই মহাকাশ গবেষণাকেন্দ্র' কোথায় অবস্থিত?
(A) তিরুবনন্তপুরম (B) চাঁদিপুর
(C) কোটা (D) নয়ডা
31. 'T' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) পোলো (B) বেসবল (C) গলফ (D) ব্রিজ
32. দেশলাই বাক্সের গায়ে কোন মৌলটি ব্যবহৃত হয়?
(A) ম্যাগনেশিয়াম (B) সিলিকন
(C) ফসফরাস (D) সালফার
33. পারদ সংকর বা, অ্যামালগামের নিশ্চিত উপাদান নিচের কোনটি?
(A) নিকেল (B) লোহা
(C) অ্যালুমিনিয়াম (D) মার্কারি
34. গান পাউডার কোন কোন যৌগিক পদার্থের বিশ্লেষণ?
(A) সালফার পটাশিয়াম কার্বন (B) চারকোল, সালফার, পটাশিয়াম নাইট্রেট (C) চারকোল, কার্বন, পটাশিয়াম নাইট্রেট (D) চারকোল, সালফার কার্বন
35. কোন আইন 'কালা কানুন' নামে পরিচিত?
(A) ইলবার্ট বিল (B) হান্টার আইন
(C) রাওলাট আইন (D) 1919 সালের আইন
36. মানবদেহ থেকে নিঃসৃত ঘামে কোন উপাদান পরিমাণে বেশি থাকে?
(A) বিশুদ্ধ জল (B) ফসফরিক অ্যাসিড
(C) ক্যালশিয়াম ফসফেট (D) লবণ ও বর্জ্য পদার্থ
37. ফিতাকৃমিকে কোন পর্বভুক্ত প্রাণী হিসাবে চিহ্নিত করা হয়?
(A) প্রোটোজোয়া (B) পলিফেরা
(C) আর্থ্রোপোডা (D) প্লাটিহেলমিনথেস
38. ভারতে সর্বপ্রথম রৌপ্য ব্যবহারের প্রমাণ পাওয়া যায় কোথা থেকে?
(A) বেদ (B) লৌহযুগের শিল্পে
(C) হরপ্পা সংস্কৃতি (D) গুপ্ত শাসনকাল
39. নীচের কোনটি পেশিতন্ত্রের কাজ নয়?
(A) যান্ত্রিক দৃঢ়তা দান করা (B) শ্বসনজনিত বিচলন ঘটানো (C) অঙ্গ সঞ্চালন ঘটানো (D) নির্দিষ্ট দেহবল্লরী বজায় রাখা
40. গাড়িতে ব্যবহৃত হাইড্রোলিক ব্রেক কোন নীতির সরাসরি প্রয়োগ?
(A) আর্কিমিডিস নীতি (B) পাস্কালের সূত্র
(C) টরিসেলির সূত্র (D) কোনোটিই সঠিক নয়
41. নীচের কোনটি অ্যান্টিবায়োটিক ওষুধ হিসাবে চিহ্নিত হয়?
(A) অ্যালজোলাম (B) অ্যাম্পিসিলিন
(C) অ্যামোক্সিসিলিন (D) স্ট্রেপ্টোমাইসেটিন
42. নীচের কোনটি উপকারী ব্যাকটিরিয়া?
(A) ক্লস্টিডিয়াম সেপ্টিকাম (B) কপ্লিপপ্লা বানেটি (C) এন্টো রোব্যাক্টর (D) ব্যাকটিরিয়াম স্টি-ওয়ার্টি
43. আমাদের মানবদেহে ——— ধরনের পেশি আছে।
(A) 4 (B) 3 (C) 2 (D) 1
44. —— হল পৃথিবীর বায়ুমণ্ডলের সর্বনিম্ন স্তর।
(A) ট্রপোস্ফিয়ার (B) স্ট্র্যাটোস্ফিয়ার
(C) মেসোস্ফিয়ার (D) থার্মোস্ফিয়ার
45. একটি ট্রেন একটি টেলিগ্রাফ খুঁটিকে 6 সেকেন্ডে ও 220 মিটার লম্বা একটি সেতুকে 16 সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির গতিবেগ সেকেন্ডে কত মিটার?
(A) 44 (B) 22 (C) 30 (D) 60
46. 1,00,000 টাকার বেশি আয়ের উপর শতকরা 10 টাকা হারে আয়কর দিতে হয়। এক ব্যক্তির বার্ষিক আয় 1,65,820 টাকা হলে তাকে কত টাকা আয়কর দিতে হবে?
(A) 65,820 (B) 6,582 (C) 658.2 (D) 16,582
47. 25 মিটার × 16 মিটার আয়তাকার একটি প্রাঙ্গণকে কিছু বর্গাকার টালি দিয়ে বাঁধতে হবে। টালির দৈর্ঘ্য 20 সেন্টিমিটার হলে, মোট ক'টি টালি লাগবে?
(A) 10,000 (B) 100 (C) 1,000 (D) 400
48. 80 জন শ্রমিক 25 দিনে একটি পুকুর খনন করতে পারে। 10 দিন কাজ করার পর 30 জন শ্রমিক চলে গেল। বাকি কাজ শেষ করতে কত দিন লাগবে?
(A) 24 (B) 20 (C) 18 (D) 21
49. 15টি সংখ্যার গড় 7; প্রথম 8টি সংখ্যার গড় 6.5 ও শেষ 8টি সংখ্যার গড় 8.5 হলে, মাঝের সংখ্যাটি কত হবে?
(A) 10 (B) 23 (C) 13 (D) 15
50. বিদ্যুতের খরচ 16% বাড়লে, কোনো পরিবারের খরচ স্থির রাখতে গেলে, ওই পরিবারকে কত শতাংশ বিদ্যুতের খরচ কমাতে হবে?
(A) 10% (B) 16% (C) 15% (D) 14%
51. একটি ঘড়ির বিক্রয়মূল্যের ওপর 20% ক্ষতি হলে, ক্রয়মূল্যের ওপর ক্ষতি কত শতাংশ?
(A) 25% (B) 16% (C) 15% (D) 14%
52. একজন ভদ্রলোকের একটি অর্ধবৃত্তাকার পার্কের চারিপাশ একবার ঘুরতে সময় লাগে 18 সেকেন্ড। লোকটির গতিবেগ 7.2 কিলোমিটার হলে পার্কটির ক্ষেত্রফল কত?
(A) 45 বর্গ মিটার (B) 77 বর্গ মিটার
(C) 49 বর্গ মিটার (D) 66 বর্গ মিটার
53. অনন্যাদের চৌবাচ্চাটিতে 100 লিটার জল ধরে। অনন্যা 6.5 লিটার জল ধরে এমন একটি বালতি নিয়ে 10 বালতি জল ঢেলে গেছে। পরে তার বোন এসে 10 বালতি জল ঢালায় চৌবাচ্চাটি সম্পূর্ণ ভরতি হয়ে গেল। তার বোনের বালতিতে কত লিটার জল ধরে?
(A) ৩ লিটার (B) ২.৫ লিটার
(C) ৩.৫ লিটার (D) ৫ লিটার
54. $(0.01 + 0.02) \times (0.01 \times .01 - 0.0002 + 0.02 \times 0.02) = ?$
(A) 0.000004 (B)0.000009 (C) 0.000008 (D) 0.000027
55. D.A.P. সারের মধ্যে নাইট্রোজেন ও পটাশ 3 : 2 অনুপাতে আছে। 25 কেজি D.A.P.-এর মধ্যে কত কেজি পটাশ মেশালে নাইট্রোজেন ও পটাশের নতুন অনুপাত হবে 2 : 3?
(A) 10 (B) 15 (C) 20 (D) 12.5
56. দৈনিক 125টি যন্ত্রাংশ তৈরি করতে কত শ্রমিক লাগবে? যদি দৈনিক তৈরি যন্ত্রাংশের ও কর্মে নিযুক্ত শ্রমিকের সংখ্যাদ্বয়ের অনুপাত 5 : 2 হয়।
(A) 100 জন (B) 75 জন (C) 50 জন (D) 26 জন
57. কোন সংখ্যা থেকে 50 কমালে সংখ্যাটির $\frac{4}{9}$ অংশ হয়?
(A) 80 (B) 75 (C) 120 (D) 90
58. দেবুর জন্মের সময় দেবুর বাবার বয়স ছিল 30 বছর। দেবু 20 বছর বয়সে বিয়ে করে। 3 বছর পর দেবুর ছেলের জন্ম হয়। এখন দেবুর ছেলের বয়স 15 বছর হলে, দেবুর বাবার বর্তমান বয়স কত?
(A) 55 বছর (B) 60 বছর (C) 68 বছর (D) 70 বছর
59. সুদের হার 2% হ্রাস পাওয়ায় কোনো টাকার 5 বছরের সরল সুদ 150 টাকা হ্রাস পায়। তবে আসল কত?
(A) 2,500 টাকা (B) 1,200 টাকা (C) 1,500 টাকা (D) 3,000 টাকা
60. কোনো ব্যক্তি 15 কিলোমিটার ভ্রমণের জন্য একটি ট্যাক্সি ভাড়া করেন, যার নির্ধারিত ভাড়া প্রথম 2 কিলোমিটারের জন্য 14 টাকা ও পরবর্তী প্রতি 200 মিটার দূরত্বের জন্য 2 টাকা, ব্যক্তিটিকে মোট কত টাকা ভাড়া দিতে হবে?
(A) 150 (B) 144 (C) 27 (D) 130
61. কোনো দোকানদার পর্যায়ক্রমে 25%, 20% ও 10% ছাড় দিলে মোট কত শতাংশ ছাড় দেওয়া হয়েছে?
(A) 55 (B) 45 (C) 46 (D) 40
62. রামবাবু সাইকেলে নির্দিষ্ট গন্তব্যস্থলে ঘণ্টায় 8 কিলোমিটার বেগে যায় ও ঘণ্টায় 6 কিলোমিটার বেগে ফিরে আসে। সমগ্র দূরত্বের গড় গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?
(A) 7 (B) 6.67(C) 8 (D) 6
63. শ্যাম ও রহিমের বর্তমান বয়সের যোগফল 75 বছর, 5 বছর আগে তাদের বয়সের অনুপাত ছিল 5 : 8. রহিমের বর্তমান বয়স কত বছর?
(A) 45 (B) 40 (C) 35 (D) 30
64. এক সৈন্যদলে যতগুলি সারি আছে প্রত্যেক সারিতে ততগুলি সৈন্য আছে। সৈন্যদলে মোট সৈন্যসংখ্যা 5,329 থাকলে কতগুলি সারি আছে?
(A) 77 (B) 73 (C) 63 (D) 87
65. 4 জন বালক অথবা 5 জন বালিকা একটি কাজ 52 দিনে শেষ করতে পারে, তাহলে 5 জন বালক ও 10 জন বালিকা একসঙ্গে কত দিনে ওই কাজ শেষ করবে?
(A) 12 (B) 20 (C) 16 (D) 18
66. একটি রেডিওর দাম 20% বাড়িয়ে, ক্রেতাকে 20% ছাড় দেওয়া হলে, শতকরা লাভ বা, ক্ষতি কত হবে?
(A) 4 টাকা ক্ষতি (B) 4 টাকা লাভ
(C) কোনো পরিবর্তন হবে না (D) 10 টাকা ক্ষতি
67. শ্যামবাবু তার সঞ্চয় 10,000 টাকা থেকে একটি সেবা প্রতিষ্ঠানকে 4,000 টাকা দান করেন ও বাকি টাকা স্ত্রী ও পুত্রকে 3 : 2 অনুপাতে ভাগ করে দেন। স্ত্রীর প্রাপ্য টাকা কত?
(A) 2,400 (B) 3,600 (C) 6,000 (D) 4,000
68. একটি তাঁবুতে 20 জন লোকের 40 দিনের খাদ্য মজুত আছে। 10 দিন পরে আরো 10 জন লোক এলে, অবশিষ্ট খাদ্যে কতদিন চলবে?
(A) 30 (B) 10 (C) 20 (D) 15
69. 15 মিটার লম্বা ও 10 মিটার চওড়া এক বাগানের চারপাশে 2.5 মিটার চওড়া এক রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত বর্গমিটার?
(A) 300 (B) 250 (C) 150 (D) 100
70. 'Doctor' এর সঙ্গে সম্পর্কিত—
(A) Hospital (B) School (C) Market (D) Park
71. 4, 16, 64, ?
(A) 128 (B) 256 (C) 512 (D) 1024
72. 'Bird' এর সঙ্গে কোনটি সম্পর্কিত?
(A) Swim (B) Fly (C) Run (D) Crawl
73. 10, 20, 30, 40, ?
(A) 45 (B) 50 (C) 55 (D) 60
74. Teacher : School : : Judge : ?
(A) Court (B) Market (C) College (D) Hospital
75. 2, 5, 10, 17, ?

# রেলের গ্রুপ 'ডি'

(A) 24 (B) 26 (C) 28 (D) 30

**76.** 8, 27, 64, ?
(A) 100 (B) 121 (C) 125 (D) 144

**77.** যদি SUN = 54 হয়, তাহলে MOON = ?
(A) 57 (B) 59 (C) 60 (D) 62

**78.** 100, 90, 80, 70, ?
(A) 65 (B) 60 (C) 55 (D) 50

**79.** Eye : See : : Ear : ?
(A) Hear (B) Talk (C) Walk (D) Write

**80.** 1, 3, 6, 10, ?
(A) 12 (B) 15 (C) 16 (D) 18

**81.** 6, 12, 24, 48, ?
(A) 72 (B) 84 (C) 96 (D) 100

**82.** 3, 9, 27, ?
(A) 54 (B) 72 (C) 81 (D) 90

**83.** 12, 24, 36, ?
(A) 40 (B) 42 (C) 48 (D) 50

**84.** 'Author' এর সঙ্গে কোনটি সম্পর্কিত?
(A) Book (B) Pen (C) Paper (D) Library

**85.** 12, 16, 32, 68, 132, ?
(A) 232 (B) 196 (C) 276 (D) 213

**86.** যদি CAT = 24 হয়, তবে DOG = ?
(A) 26 (B) 24 (C) 26 (D) 28

**87.** 3, 6, 9, 12, ?
(A) 13 (B) 15 (C) 16 (D) 18

**88.** BOOK : READ : : FOOD : ?
(A) Eat (B) Drink (C) Cook (D) Buy

**89.** 5, 10, 20, 40, ?
(A) 60 (B) 70 (C) 80 (D) 100

**90.** A = 1, B = 2 হলে, CAT = ?
(A) 24 (B) 21 (C) 23 (D) 25

**91.** "Pen" এর সঙ্গে কোনটি সম্পর্কিত?
(A) Write (B) Eat (C) Walk (D) Run

**92.** 2, 4, 8, 16, ?
(A) 20 (B) 24 (C) 32 (D) 30

**93.** CLOCK শব্দের প্রথম ও শেষ অক্ষর বদলালে কী হবে?
(A) KLOCC (B) KLOCC (C) KLOCK (D) CLOOK

**94.** 7, 14, 21, 28, ?
(A) 32 (B) 35 (C) 36 (D) 40

**95.** Cow : Milk : : Bee : ?
(A) Wax (B) Honey (C) Egg (D) Food

**96.** 9, 27, 81, ?
(A) 162 (B) 243 (C) 324 (D) 200

**97.** যদি MONKEY = XNLJDB হয়, তাহলে TIGER = ?
(A) GRDFQ (B) QDFHS (C) SDFGR (D) GHSDF

**98.** 1, 4, 9, 16, ?
(A) 20 (B) 25 (C) 30 (D) 36

**99.** Knife : Cut : : Needle : ?
(A) Sew (B) Write (C) Eat (D) Play

**100.** 11, 13, 15, 17, ?
(A) 18 (B) 19 (C) 21 (D) 23

## উত্তর

1(B). 2(A). 3(D). 4(D). 5(A). 6(A). 7(C). 8(C). 9(D). 10(D). 11(B). 12(D). 13(A). 14(B). 15(B). 16(B). 17(A). 18(A). 19(D). 20(A). 21(C). 22(B). 23(D). 24(D). 25(B). 26(A). 27(D). 28(B). 29(A). 30(A). 31(C). 32(C). 33(D). 34(B). 35(C). 36(D). 37(D). 38(C). 39(B). 40(B). 41(C). 42(C). 43(B). 44(A), 45(B). 46(B). 47(A). 48(A). 49(D). 50(D). 51(B). 52(B). 53(C). 54(B). 55(D). 56(C). 57(D). 58(C). 59(C). 60(B). 61(D). 62(B). 63(D). 64(B). 65(D). 66(A). 67(D). 68(C). 69(C). 70(A). 71(B). 72(B). 73(B). 74(A). 75(B). 76(C). 77(A). 78(B). 79(A). 80(B). 81(C). 82(C). 83(C). 84(A). 85(A). 86(C). 87(B). 88(A). 89(C). 90(A). 91(A). 92(C). 93(C). 94(B). 95(B). 96(B). 97(A). 98(B). 99(A). 100(B).

# সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে

১ পাতার পর

'আমি করে দেখাতে পারি' বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### 'এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কন্টেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্যুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (৯) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে: 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায়: NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

# বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি:** ভারতীয় বায়ুসেনা 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর বায়ু' পদে কিছু ছেলেমেয়ে নিচেছ। সিকিম, অসম, অরুণাচল প্রদেশ ও মেঘালয় রাজ্যের ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। এই পদের ব্যাচ নম্বর: 02/2026. কারা কারা আবেদনের যোগ্য: যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

ইংরিজি বিষয় নিয়ে ২ বছরের ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

পলিটেকনিক বা, স্বীকৃত ইনস্টিটিউট থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। তবে তাঁদের বেলায় মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক/ ডিপ্লোমা কোর্সে ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৫ থেকে ২-১-২০০৯'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫২.৫ সেমি আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি। ছেলেদের বেলায় বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি ও ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। মেয়েদের বেলায় শুধুমাত্র বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/১২ যা প্রতি চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। ৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য থাকা দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাইয়ের র‍্যালি হবে সিকিম, অসম, অরুণাচল প্রদেশ ও মেঘালয় রাজ্যের মেয়েদের বেলায় ২০ মার্চ ও ছেলেদের বেলায় ২২ মার্চ।

আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে: https://agnipathvayu.cdac.in

# রেলে ১১,১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

১ পাতার পর

মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য।

পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি দরকার A-1. অর্থাৎ, দূরের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ৬/৬, ৬/৬, কাছের বেলায় চশমা ছাড়া উভয় চোখে ০.৬, ০.৬।

বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে সাধারণ আর ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। ও.বি.সি. প্রার্থীদের বেলায় ২-৭-১৯৯৩ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। তপশিলী প্রার্থীদের বেলায় ২-৭-১৯৯১ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে।

তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মী আর অ্যাপ্রেন্টিস ট্রেনিংপ্রাপ্তরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

মূল মাইনে: ১৯,৯০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং: CEN No.: 01/2026

**প্রার্থী বাছাই পরীক্ষা:** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।) হবে। তাতে সফল হলে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-।।) হবে। এরপর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট (সি.বি.এ.টি.) হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় ৭৫ নম্বরের ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) অঙ্ক, (২) মেন্টাল এবিলিটি, (৩) জেনারেল সায়েন্স, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ১ ঘন্টা। প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি., তপশিলী হলে ৩০%, তপশিলী উপজাতি হলে ২৫% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এই দু'টি পার্ট: পার্ট-এ ও পার্ট-বি। পার্ট-এ-তে থাকবে ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন, এইসব বিষয়ে: (ক) অঙ্ক, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (গ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং।

পার্ট-বি-তে থাকবে ৬০ মিনিটের ৭৫টি প্রশ্ন। প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর।

প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায়। দু'টি পার্টেই নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

পার্ট-এ-তে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ৮ গুণ প্রার্থীকে কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্টের জন্য ডাকা হবে। অ্যাপ্টিটিউড টেস্টের প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। কোনো নেগেটিভ মার্কিং নেই। সি.বি.এ.টি.-তে প্রতিটি ব্যাটারি টেস্টে ৪২ নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

চূড়ান্ত মেধা তালিকা তৈরির সময় দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টের পার্ট-এ-তে পাওয়া নম্বরের ওপর ৭০% আর সি.বি.এ.টি. টেস্টের ওপর ৩০% ওয়েটেজ দেখা হবে। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১'৫ মে থেকে ১৪ জুন পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে জমা দিতে হবে। 'সি.বি.টি.-।' পরীক্ষা দিয়ে থাকলে সাধারণ প্রার্থীরা পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)। আরো বিস্তারিত তথ্য বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হবে।

এবছর H.S. পরীক্ষা দেবে নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

২৪ ও ২৫ মার্চ, ২০২৬ (মঙ্গলবার ও বুধবার)

স্থানঃ শ্রী শ্যাম সংঘ, মেদিনীপুর স্টেশন রোড (কেরানীতলা), পশ্চিম মেদিনীপুর

ঃ সময় ঃ
সকাল ১০টা থেকে
বিকাল ৪টা পর্যন্ত

উপস্থাপনায় :

## কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by : ncsm NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

In Gracious Presence

JIS GROUP, RICE EDUCATION, School of the FUTURE, techno india university, SMIT, SNU Sister Nivedita University, CHITKARA UNIVERSITY, JIMS Hospital, Indian Institute of Packaging Kolkata Centre, IQ CITY Knowledge & Health Campus Durgapur, DR B C ROY SOCIETY, MCKV, College of Engineering & Management, Kolaghat, CAMELLIA, SBIHM, SIPTO, SAMAJKALYAN NURSING INSTITUTE, TSPM, upGrad School of Technology, COLLEGEWWEE, IEM Hotel and Hospitality Management College, DOLPHIN School of Hotel Management, ENDEAVOUR, HiM Haldia Institute of Management, DESUN ACADEMY Get Placed by Skills, BNG Hotel Management Institute, seacom GROUP OF COLLEGES, Medskills Health care career Institute

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

## অগ্নিবীর (এস.এস.আর)

১ পাতার পর

এই পদের ব্যাচ নম্বর : 01/2027, 02/2027. কারা কারা আবেদনের যোগ্য: ফিজিক্স ও অঙ্ক আবশ্যিক বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি বা, ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

01/2027 ব্যাচের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-১২-২০০৪ থেকে ৩১-৫-২০০৯'এর মধ্যে। 02/2027 ব্যাচের বেলায় জন্ম-তারিখ হতে হবে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯'এর মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ ৬/১২ যা ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২ সেমি। এছাড়া রং চেনার ক্ষমতা CP II থাকতে হবে। শুরুতে বেসিক ট্রেনিং হবে, আই.এন.এস. চিল্কায়। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, রাত কানা বা, অন্য কোনো শারীরিক রোগ থাকলে যোগ্য নন। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন। প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে সব ব্যাচের বেলায় কম্পিউটার বেসড 'ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট (INET)' হবে মে মাস নাগাদ। এই পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : ইংরিজি, অঙ্ক, বিজ্ঞান, জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। সময় থাকবে ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ফল বেরোবে মে-জুন মাস নাগাদ। সফল হলে এরপর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে। 01/2027-এর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে এবছর অক্টোবর থেকে ডিসেম্বরের মধ্যে। আর 02/2027-এর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে আগামী বছর মার্চ থেকে মে'র মধ্যে।

তখন শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস, ১৫ বার পুশ-আপ ও ১৫ বার হাঁটু ভেঙে সিট আপ। মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কিমি দৌড়, ১৫ বার ওঠ-বোস, ১০ বার পুশ-আপ ও ১০ বার হাঁটু ভেঙে সিট আপ। এরপর ডাক্তারি পরীক্ষা হবে আই.এন.এস. চিল্কায়। ৩-৪ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://joinindiannavy.gov.in ট্রেনিং শুরু 01/2027-এর ব্যাচের বেলায় ডিসেম্বরের মধ্যে। আর 02/2027-এর বেলায় আগামী বছরে মে মাসে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : https://joinindiannavy.gov.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে জমা দেবেন (জি.এস.টি. চার্জ আলাদা)। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## নাবিক (মেডিক্যাল)

১ পাতার পর

নম্বর : 02/2027. কারা কারা আবেদনের যোগ্য : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি আবশ্যিক বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০% আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

জন্ম-তারিখ হতে হবে ১-৫-২০০৫ থেকে ৩১-১০-২০০৯'এর মধ্যে।

দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ ৬/১২ যা ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। শুরুতে বেসিক ট্রেনিং হবে আগামী বছর মে মাস নাগাদ, আই.এন.এস. চিল্কায়। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, রাত কানা বা, অন্য কোনো শারীরিক রোগ থাকলে যোগ্য নন। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। মোট ২০ বছরের চাকরি।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে সব ব্যাচের বেলায় কম্পিউটার বেসড 'ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্ট (INET)' হবে মে মাস নাগাদ। এই পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : ইংরিজি, বিজ্ঞান, বায়োলজি, জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। সময় থাকবে ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ফল বেরোবে জুন-জুলাই মাস নাগাদ। সফল হলে এরপর দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, বিজ্ঞান, বায়োলজি, জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ১ ঘন্টা।

তখন শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস, ১৫ বার পুশ-আপ ও ১৫ বার হাঁটু ভেঙে সিট আপ। এরপর ডাক্তারি পরীক্ষা হবে আই.এন.এস. চিল্কায়। ৩-৪ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in ট্রেনিং শুরু আগামী বছর মে মাস নাগাদ। দরখাস্ত করবেন অনলাইনে, ৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে জমা দেবেন (জি.এস.টি. চার্জ আলাদা)। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com